নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২২৫ ০৩ আগস্ট ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে পিএইচডি ফেলোশিপ, প্রকাশনা প্রণোদনা ও গবেষণা অনুদানের চেক প্রদান

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) রিসার্চ সেলের আয়োজনে পিএইচডি ফেলোশিপ, প্রকাশনা প্রণোদনা ও শিক্ষক-শিক্ষার্থী যৌথ গবেষণা (মাস্টার্স) এর অনুদানের চেক প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (০৩ আগস্ট ২০২৫) বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ।

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বক্তব্যের শুরুতেই জুলাই অভ্যুত্থানে যারা শহিদ হয়েছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। একই সঙ্গে মাইলস্টোন কলেজে বিমান দুর্ঘটনায় যে সকল শিশু শহিদ হয়েছে তাদের আত্মার মাগফেরাত কামনা করছি। অত্যন্ত আনন্দের বিষয় যে এই প্রথম আমরা বিশ্ববিদ্যালয়ে পিএইচডি ফেলোশিপ চালু করতে পেরেছি, যা অনেক বিশ্ববিদ্যালয় এখনো পারেনি। এ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ এবং যারা পিএইচডিতে ভর্তি হয়েছেন তাদের অভিনন্দন। বিশ্ববিদ্যালয় শুধুমাত্র জ্ঞান আদান-প্রদান নয়, জ্ঞান সৃষ্টির জায়গা। যত বেশি প্রায়োগিক জ্ঞান আমরা তৈরি করতে পারবো, তত বেশি আমরা সেটাকে মানুষের কল্যাণে কাজে লাগাতে পারবো। সে হিসেবে আমরা যে পথটি তৈরি করতে পেরেছি সেজন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ।

এ সময় উপাচার্য আরও বলেন, আমাদের আবাসনের সংকট থাকলেও আমরা প্রতিটি পিএইচডি শিক্ষার্থীর জন্য আবাসনের ব্যবস্থা করবো। যে সব গ্র্যাজুয়েটরা এখানে ভর্তি হবেন তারা তাদের মেধা ও পরিশ্রমের মাধ্যমে একটি মানসম্মত ডিগ্রি নিয়ে বের হবেন বলে আমি বিশ্বাস করি। আমাদের সুপারভাইজারদের অনুরোধ করবো আপনারা হাতে কলমে শিক্ষা দিয়ে একটি মানসম্মত ডিগ্রি যেন তারা পায় সে ব্যবস্থা করবেন। এছাড়াও প্রকাশনা প্রণোদনার ক্ষেত্রে বিগত বছরগুলোতে যারা নির্বাচিত হয়েছিলেন তাদের সম্মানিত করার চেষ্টা করেছি। ভবিষ্যতেও এ প্রচেষ্টা অব্যাহত থাকবে। আমি বিশ্বাস করি আমাদের শিক্ষার্থীদের যদি সঠিকভাবে আমরা প্রণোদনা দিয়ে উৎসাহিত করতে পারি তাহলে অনেক ভালো ভালো জার্নাল আমরা পাবো।

নোবিপ্রবি শিক্ষা প্রশাসন বিভাগের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) জনাব জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় এ সময় আরও বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিয়াউল হক, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফেলোশিপপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

উল্লেখ্য, অনুষ্ঠানে ‘‘এনএসটিইউ জার্নাল অব আর্টস্, সোশ্যাল সায়েন্স এন্ড এডুকেশন (এনজেএএসই)’’ শীর্ষক জার্নাল উদ্বোধন করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শেষে উপাচার্য গবেষকদের মাঝে প্রকাশনা প্রণোদনা ও গবেষণা অনুদানের চেক বিতরণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪